গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.১৬.২২৩.২১- ২৯৭ | তারিখঃ ০৭ অক্টোবর ২০২৪

# অফিস আদেশ

জেডিপিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৪-২০২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ০৯ অক্টোবর/২০২৪ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় জেডিপিসি'র সম্মেলন কক্ষে NIS কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির একটি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

সংশ্লিষ্ট সকলকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭.১০.২০২৪
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও টেকনোলজি রিসার্চ এন্ড টেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি।
০২। জনাব নুসরাত জাহান, সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৩। জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৪। জনাব মোঃ আব্দুল হান্নান মিয়াজী,পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৫। জনাব পলিগুহ, পার্সোনাল অফিসার, জেডিপিসি।

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি। (সভা আয়োজনে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জেডিপিসি।
০৩। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিডিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণলয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : জিনাত আরা
নির্বাহী পরিচালক
জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

তারিখ : ০৯ অক্টোবর ২০২৪

স্থান : জেডিপিসি'র সম্মেলন কক্ষ (১৪৫, মনিপুরী পাড়া তেজগাঁও, ঢাকা)।

সভার উপস্থিতি **'পরিশিষ্ট-ক'** তে দেওয়া হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জেডিপিসি'র ২০২৪-২৫ অর্থবছরের এপিএ অনুযায়ী ২য় প্রান্তিকের জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করে পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সমায়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম সঠিকভাবে এবং সঠিক সময়ে বাস্তবায়ন করার আশা ব্যক্ত করেন। জেডিপিসি'র জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: জাহাঙ্গীর আলম, প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী কে আহবান জানান।

২.০ জনাব মো: জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট কর্মকর্তা জাতীয় শুদ্ধার কৌশল কর্মপরিকল্পনা বলেন, ২য় কোয়ার্টারের প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। কমিটির সকলকে কর্মপরিকল্পনা বাস্তবায়নের ওপর মতামত প্রদানের অনুরোধ জানান। তিনি বলেন, জেডিপিসি'র কার্যক্রম উদ্যোক্তা-কেন্দ্রিক এবং সারা বাংলাদেশ জুড়ে উদ্যোক্তা রয়েছে বিধায় সাফল্য ও ব্যার্থতাও এর সাথে জড়িত। ২০২৪-২৫ অর্থবছরে ২য় কোয়াটারে অনলাইন ভিত্তিক কার্যক্রম বাস্তবায়নে কোন অন্তরায় পরিলক্ষিত হলে তা নৈতকিতা কমিটিকে অবহিত করার জন্য অনুরোধ করেন। জেডিপিসি'র আওতাধীন জেইএসসি'র সেন্টার ইনচার্জদের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করলে তাদের মাধ্যমে উদ্যোক্তাদের মাঝে জেডিপিসি'র অনলাইন ভিত্তিক কার্যক্রমগুলো আরো বেগবান হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

২.১ পরিচালক (এমআরপি) জনাব সীমা বোস অধরা বলেন, এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী NIS এর সকল কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ কমিটির সকল সদস্যকে জোড় তাগিদ প্রদান করেন। তিনি বলেন, জেডিপিসি'র NIS সংক্রান্ত যে কোন সমস্যা দেখা দিলে নৈতিকতা কমিটি তা সমাধান করবে। কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের সময় কোন রকম দুর্নীতি বা অন্তরায় পরিলক্ষিত হলে NIS সংক্রান্ত নৈতিকিতা কমিটিকে অবহিত করার জন্য সকল সদস্য কে আহবান জানান। এছাড়াও নৈতিকতা কমিটি অন্তরায় চিহ্নিত করে পরলিক্ষিত অন্তরায় দূরীকরনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। আগামী নভেম্বর মাসের মধ্যে একটি কর্মশালা ও ডিসেম্বর মাসের মধ্যে একটি বহুমুখী পাটপণ্যের একক মেলা আয়োজন করার জন্য তিনি যৌক্তিকতা তুলে ধরেন এবং মেলায় অংশগহণের জন্য উদ্যোক্তাদের মধ্যে মেলার আবেদন ফর্ম সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে বিতরণ করার জন্য কমিটির সকলকে নির্দেশনা প্রদান করেন।

২.৩ জনাব মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ বলেন, মেলার জন্য উদ্যোক্তা বাছাইয়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নে কমিটিকে কঠোর নজরদারি করতে হবে। মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তা নির্বাচনের ক্ষেত্রে বহুমুখী পাটপণ্য ব্যাতীত অন্য কোন পণ্য প্রদর্শণ ও বিক্রয় করতে না দেওয়ায় অনেক সময় বিভিন্ন রকম অন্তরায় পরিলক্ষিত হয়। সে ক্ষেত্রে মেলা নীতিমালা অনুযায়ী নৈতকিতা কমিটি প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণ করে তা সমাধান করতে পারে বলে তিনি মতামত প্রকাশ করেন। মেলা উপলক্ষ্যে নভেম্বর ২০২৪ এর মধ্যে উদ্যোক্তাদের সমন্বয়ে একটি মতবিনিময় সভা আয়োজনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

২.৪ জনাব নুসরাত জাহান, সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ বলেন, জেডিপিসি'র ২য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে জেডিপিসি'র আওতাধীন জেইএসসি'র সেন্টার ইনচার্জদের সমন্বয়ে একটি ফিডব্যাক কর্মশালা করা প্রয়োজন। জেডিপিসি'র আওতাধীন জেইএসসিগুলোকে প্রয়োজনীয় কাঁচামাল সরবারাহের ক্ষেত্রে পরিলক্ষিত অন্তরায়গুলো চিহ্নিত করে তা দূরীকরণে সহায়ক কর্মপরিকল্পনা গ্রহণ করার জন্য তিনি সভাকে অবহিত করেন।

২.৫ সভাপতি প্রত্যেক ত্রৈমাসিকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ও কার্যক্রম সমায়ানুযায়ী ও যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করে পরিলক্ষিত অন্তরায় দূরীকরণ ও কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য নৈতিকতা কমিটির সদস্যগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। উদ্যোক্তাগণের নিবন্ধন ও তাদের বহুমুখী পাটপণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে একটি কার্যকর উদ্যোক্তা নিবন্ধন নীতিমালা প্রনয়ণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনানুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করার আহবান জানান। তিনি আরো বলেন, এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী NIS, Citizen`s Charter এবং GRSসহ সকল কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করতে হবে। জেডিপিসি'র আওতাধীন ০৬টি জেইএসসিকেও তাদের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন সঠিক সময় প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

৩.০ আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা আয়োজন করতে হবে।

(খ) ৩০ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে জেডিপিসি'র সেন্টার ইনচার্জদের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে।

(গ) জেডিপিসি'র প্রাঙ্গনে ডিসেম্বর ২০২৪ এর প্রথম সপ্তাহে একটি মেলা আয়োজন করতে হবে।

(ঘ) ২য় কোয়ার্টারের মধ্যে উদ্যোক্তা নিবন্ধন সংক্রান্ত একটি কার্যকর নীতিমালা প্রনয়ণ করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১০/২০২৪


(জিনাত আরা)
অতিরিক্ত সচিব
ও
নির্বাহী পরিচালক

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

**বিষয়ঃ** ০৯ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকিতা কমিটির ২য় সভায় উপস্থিতির তালিকা।

| ক্রমিক নং | নাম , পদবী ও ঠিকানা | ইমেইল /মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | জিনাত আরা<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি | ed@jdpc.gov.bd | ০৯/১০/২০২৪ |
| ০২ | সীমা বোস অধরা<br>পরিচালক(এমআরপি)<br>জেডিপিসি | mrp@jdpc.gov.bd | ০৯.১০.২০২৪ |
| ০৩ | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী<br>জেডিপিসি | bipuljahan75@gmail.com | ০৯/১০/২০২৪ |
| ০৪ | মোঃ মোজাহিদুল ইসলাম<br>মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ,<br>জেডিপিসি। | eme@jdpc.gov.bd | ০৯/১০/২৪ |
| ০৫ | নুসরাত জাহান<br>সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ<br>জেডিপিসি | njahan2026@gmail.com | ৯/১০/২৪ |
| ০৬ | মোঃ আব্দুল হান্নান মিয়াজী<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | miajeetradeins@gmail.com | ০৯/১০/২৪ |
| ০৭ | পলি গুহ<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | Pollyguha84@gmail.com | ০৯/১০/২০২৪ |

নৈতিকতা কমিটির ২য় সভার ছবি








তারিখ: ০৯ অক্টোবর ২০২৪